

## বিএসটিডি'র “প্রশিক্ষণ জার্নাল” (ভলিউম ২৭ নং ১) এর প্রকাশনা উৎসব অনুষ্ঠিত



বাংলাদেশ প্রশিক্ষণ ও উন্নয়ন সমিতি (বিএসটিডি) কর্তৃক প্রকাশিত ষাণ্মাসিক জার্নাল “প্রশিক্ষণ” ভলিউম ২৭ নং ১ (জানুয়ারী - জুন ২০১৯) এর প্রকাশনা উৎসব ১০ অক্টোবর ২০১৯, বৃহস্পতিবার বিএসটিডি'র গবেষণা ও পরীক্ষণ কেন্দ্র (ব্রেকট), বসুন্ধরা আবাসিক এলাকায় অনুষ্ঠিত হয়। জার্নালটির মোড়ক উন্মোচন করেন ড. সা'দত হুসাইন, সভাপতি বিএসটিডি এবং সাবেক মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সরকার। বিএসটিডি'র মহাসচিব জনাব এম খায়রুল কবীর এ জার্নালের সম্পাদকের দায়িত্ব পালন করেন। এ অনুষ্ঠানে উপস্থিত নিবন্ধ রচয়িতাগণ তাদের নিবন্ধের সারসংক্ষেপ উপস্থাপন করেন।

সভাপতি ড. সা'দত হুসাইন তাঁর বক্তব্যে বলেন যে, এ জার্নালটি বিএসটিডি নিয়মিত ভাবে নির্দিষ্ট সময়ের মধ্যে বছরে দু'বার প্রকাশ করে। এটি একটি রিভিউড (পর্যালোচিত) জার্নাল। পর্যালোচকদের অভিমতের ভিত্তিতে প্রবন্ধসমূহ যাচাই করা হয়। বর্তমান জার্নালটি ৫৩তম এবং এ জার্নালে প্রশিক্ষণ ও উন্নয়নের বিভিন্ন বিষয়ে আলোকপাত করা হয়েছে। এ জার্নালটিতে Traditional and Modern Teaching Methods in Bangladesh, Crises of Governance in Governing Union Parishad of Bangladesh, e-Services from Union Digital Centers, Happiness at Workplace, Working Women in the Changing Working Environment, and Religious and Supernatural Beliefs of the Marma Indigenous People বিষয়ক নিবন্ধ রয়েছে। জাতীয় পর্যায়ে সক্রিয় গবেষকদের নিবন্ধসমূহ এতে স্থান পেয়েছে। অনুষ্ঠানটি পরিচালনা করেন সমিতির মহাসচিব জনাব এম খায়রুল কবীর। এ অনুষ্ঠানে বিএসটিডি'র সদস্যবৃন্দ এবং আমন্ত্রিত সুধীবৃন্দ উপস্থিত ছিলেন।